

“আমরা বদলে দিবো  
আমরা বদলে যাবো”



“কর দিবসের আগেই  
রিটার্ন দিতে হবেই”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কর কমিশনারের কার্যালয়  
কর অঞ্চল-রাজশাহী  
কর ভবন, হেলেনাবাদ, রাজশাহী  
[www.tax.rajshahi.gov.bd](http://www.tax.rajshahi.gov.bd)

## আয়কর আইন, ২০২৩ অনুযায়ী আয়কর রিটার্ন দাখিল সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

রাজশাহী কর অঞ্চলের অধিক্ষেত্রাধীন রাজশাহী সিটি করপোরেশন এবং ৫টি জেলা যথাক্রমে, রাজশাহী, পাবনা, নওগাঁ, নাটোর ও চাঁপাইনবাবগঞ্জ জেলার সকল সম্মানিত করদাতাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে,

কোম্পানী ব্যতীত সকল করদাতার জন্য ৩০শে নভেম্বর “কর দিবস” রিটার্ন দাখিলের শেষ দিন  
এবং  
বিদ্যমান আইনে আয়কর রিটার্ন দাখিলের সময় বৃদ্ধি করার কোন সুযোগ নাই।

তবে কোন করদাতা কর্তৃক ৩০শে নভেম্বর বা “কর দিবসে”র পরে রিটার্ন দাখিল করা হলে, তিনি

- ❖ কর অব্যাহতির সুবিধা প্রাপ্ত হবেন না অর্থাৎ তার যে কোন ধরনের কর অব্যাহতি প্রাপ্ত আয় করযোগ্য আয় হিসেবে বিবেচনা করা হবে;
- ❖ কর মুক্ত আয়ের সুবিধা প্রাপ্ত হবেন না অর্থাৎ তার যে কোন ধরনের কর মুক্ত আয় করযোগ্য আয় হিসেবে বিবেচনা করা হবে;
- ❖ হ্রাসকৃত হারে কর প্রদানের সুবিধা প্রাপ্ত হবেন না;
- ❖ কোন ধরনের বিনিয়োগজনিত কর রেয়াত সুবিধা প্রাপ্ত হবেন না;
- ❖ আয়কর আইন, ২০২৩ এর ধারা ১৭৪ অনুযায়ী তাকে অতিরিক্ত কর পরিশোধ করতে হবে এবং
- ❖ আয়কর আইন, ২০২৩ এর ধারা ২৬৬ অনুযায়ী তাকে নির্ধারিত হারে জরিমানা পরিশোধ করতে হবে।

আয়কর আইন, ২০২৩ অনুযায়ী আয়ের পরিমাণ যাহাই হোক না কেন,  
সকল গণকর্মচারীর জন্য আয়কর রিটার্ন দাখিল বাধ্যতামূলক।

কর প্রদান আপনার নাগরিক দায়িত্ব।  
সুতরাং ৩০শে নভেম্বর, ২০২৩ এর মধ্যে আয়কর রিটার্ন দাখিল করে  
আয়কর আইন, ২০২৩ এ প্রদত্ত সুবিধাসমূহ গ্রহণ করার জন্য সম্মানিত করদাতাদের অনুরোধ করা যাচ্ছে।

অতিরিক্ত যে কোন তথ্য বা প্রয়োজনে  
সংশ্লিষ্ট সার্কেল অফিসে যোগাযোগ করা  
যেতে পারে।

কর কমিশনার  
কর অঞ্চল-রাজশাহী  
ফোন: ০২৪৭-৮১২৩২০